অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সমন্বিত আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচি বিকাশে প্রায় 3.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করলেন

তহবিলটি প্রদানকারীদের আসক্তির জন্য সার্বিক চিকিৎসা প্রদান করতে আফিম চিকিৎসা কর্মসূচি সেবা এবং আউটপেশেন্ট কর্মসূচির সমন্বয় করতে দিবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে 14টি আসক্তি চিকিৎসা প্রদানকারীদের 3,446,865 মার্কিন ডলার প্রদান করা হবে সার্বিক সমন্বিত আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচি (Comprehensive Integrated Outpatient Treatment Programs, OTP) তৈরি করতে পারে। কর্মসূচিগুলি মাদক ব্যবহার রোগের চিকিৎসাসন্ধানী নিউ ইয়র্কবাসীর জন্য একই স্থানে একাধিক সেবা পাওয়া সহজতর করবে।

"আসক্তির জন্য প্রয়োজনীয় চিকিৎসার সুযোগ থাকা আমার প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ, চলমান লক্ষ্য," **গভর্নর হোকল বলেন।** "আসক্তি একটি রোগ যা যে কাউকে, তাদের পরিস্থিতি নির্বিশেষে আক্রান্ত করতে পারে। যেসকল নিউ ইয়র্কবাসী ও যাদের পরিবারের এর সবথেকে বেশি প্রয়োজন রয়েছে তাদের জন্য সেবা ও সংস্থানের সুযোগ বৃদ্ধিকারী সার্বিক কর্মসূচিগুলিকে সমর্থন করতে আমাদের কাজ চালিয়ে যাওয়া অত্যাবশ্যকীয়।"

সার্বিক সমন্বিত আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচিগুলি নিউ ইয়র্ক স্টেটে সার্বিক চিকিৎসার চলমান চাহিদা পূরণের জন্য নকশা করা একটি নতুন উদ্যোগ। সেবাদানকারীদের জন্য তহবিল উপলভ্য করা হয়েছে বিদ্যমান OTP এবং আউটপেশেন্ট কর্মসূচি সমন্বিত করার জন্য বা সমন্বিত সেবাদানের জন্য নতুন কর্মসূচি তৈরি করার জন্য।

আসক্তি সেবা ও সমর্থন অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "নতুন ফ্যাসিলিটিগুলির প্রদত্ত সার্বিক পন্থা এমন কিছু প্রতিবন্ধকতা সমাধানে সাহায্য করবে যার মুখোমুখি চিকিৎসাসন্ধানী ব্যক্তিরা হতে পারতো। এই কর্মসূচিগুলি গুরুত্বপূর্ণ, জীবন রক্ষাকারী আসক্তির চিকিৎসা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে এবং মানুষকে তাদের প্রয়োজনীয় সমর্থন ও সংস্থানের সাথে আরো ভালোভাবে সংযুক্ত করতে সাহায্য করার জন্য একই ছাদের নিচে একাধিক সেবা নিয়ে আসবে।"

সেবাদানকারীরা বিভিন্ন উদ্দেশ্যে এই তহবিল ব্যবহার করতে পারবে,যেমন ভবন সংস্কার, নতুন সরঞ্জাম, সমন্বিত সেবা সমর্থনে প্রশিক্ষণ এবং কর্মীদের বেতন। তহবিলটি প্রদান করা হয়েছে ফেডারেল মাদক অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা ব্লক অনুদান সম্পূরক অ্যাওয়ার্ডের (Federal Substance Abuse Prevention & Treatment Block Grant Supplemental Award) মাধ্যমে এবং এর পরিচালনা করছে OASAS।

নিম্নের সেবাদানকারীরা তাদের বিদ্যমান OTP এবং আউটপেশেন্ট কর্মসূচি সমন্বিত করতে তহবিল পাবে:

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

- PROMESA অ্যালবানি (PROMESA Albany)- 250,000 মার্কিন ডলার

সেন্ট্রাল NY

- ফার্নহ্যাম, ইনকর্পোরেশন (Farnham, Inc.)- 250,000 মার্কিন ডলার

নিউ ইয়র্ক সিটি

- কম্প্রিহেন্সিভ হেলথ প্র্যাকটিস সেন্টার, ইনকর্পোরেশন (Center for Comprehensive Health Practice, Inc.) - 250,000 মার্কিন ডলার

সাউদার্ন টিয়ার

- ইথাকা আলফা হাউজ (Ithaca Alpha House), কাইয়ুগা অ্যাডিকশন রিকভারি সার্ভিস (Cayuga Addiction Recovery Services) - 240,880 মার্কিন ডলার

ওয়েস্টার্ন NY

- PROMESA বাফেলো (PROMESA Buffalo) - 250,000 মার্কিন ডলার

নিম্নের সেবাদানকারীরা নতুন OTP স্থাপন করতে এবং বিদ্যমান আউটপেশেন্ট কর্মসূচির সাথে তার সমন্বয় করতে তহবিল পাবে:

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

- নিউ চয়েজেস ফর রিকভারি (New Choices for Recovery) - 250,000 মার্কিন ডলার

ফিঙ্গার লেকস

- ফিঙ্গার লেকস এরিয়া কাউন্সেলিং এবং রিকভারি সেন্টার, ইনকর্পোরেশন (Finger Lakes Area Counseling & Recovery Center, Inc, FLACRA) - 250,000 মার্কিন ডলার
- জেনেসি অ্যালকোহলিজম এবং মাদক ব্যবহার কাউন্সিল (Genesee Council on Alcoholism & Substance Abuse, GCASA)- 250,000 মার্কিন ডলার

লং আইল্যান্ড

- আউটরিচ ডেভেলপমেন্ট কর্পোরেশন (Outreach Development Corp) - 206,000 মার্কিন ডলার
- সামারিটান ডেটপ ভিলেজ (Samaritan Daytop Village) - 249,985 মার্কিন ডলার

নিউ ইয়র্ক সিটি

- সেন্টার ফর কমিউনিটি অল্টারনেটিভস (Center for Community Alternatives) - 250,000 মার্কিন ডলার

North Country

- সেইন্ট লরেন্স কাউন্টি আসক্তি সেবা (St. Lawrence County Addiction Services) - 250,000 মার্কিন ডলার

সাউদার্ন টিয়ার

- CASA-ট্রিনিটি, ইনকর্পোরেশন (CASA-Trinity, Inc.) - 250,000 মার্কিন ডলার

ওয়েস্টার্ন NY

- CASA-ট্রিনিটি, ইনকর্পোরেশন - 250,000 মার্কিন ডলার

সিনেটর চাক শুমার বলেন, "আমি অ্যালবানি থেকে লং আইল্যান্ড পর্যন্ত আফিম আসক্তির চিকিৎসা বিশেষজ্ঞদের পাশে দাঁড়িয়েছি, এবং যেই বার্তাটি আমি বার বার শুনি তা হলো নিউ ইয়র্ক ফ্রন্টলাইনে রয়েছে এবং এর আরো সাহায্য প্রয়োজন। এই তহবিলটি আসছে মাদক অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA) জন্য 2021 সম্পূরক কোভিড ত্রাণ তহবিল থেকে যা পাশ করতে আমি সিনেটে নেতৃত্ব দিয়েছি, এবং এটি পেশাদার আসক্তি চিকিৎসাকে বলীয়ান করবে যাতে করে এটি নিশ্চিত করা যায় যে মানুষকে মাদক অপব্যবহারের বিরুদ্ধে একা লড়াই করতে না হয় এবং পুনরায় নিজের পায়ে দাঁড়াতে তাদের প্রয়োজনীয় সংস্থান যাতে তাদের কাছে থাকে," সিনেটর শুমার বলেন। মাত্রই আমরা ধারাবাহিক বছরে রেকর্ড সংখ্যক ফেন্টানাল সৃষ্ট আফিম ওভারডোজের ঘটনা দেখেছি এবং জীবন রক্ষা করতে এখনই ব্যবস্থা নিতে হবে। সেইজন্য আমি এইসব ফেডারেল কর্মসূচিতে ঐতিহাসিক 3.2 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির জন্য চাপ দিচ্ছি যাতে নিউ ইয়র্কের প্রতিরোধ, চিকিৎসা, এবং পুনরুদ্ধার প্রচেষ্টাকে সুপারচার্জ করা যায়, এবং আমি আফিম মহামারীর সাথে লড়াইয়ে আমাদের স্থানীয় অংশীদারদেরকে তাদের প্রয়োজনীয় সংস্থান দিতে লড়াই চালিয়ে যাবো।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "নিউ ইয়র্ক ও দেশে ওভারডোজের মৃত্যুর সংখ্যা বাড়ার সম্মুখীন হচ্ছি, তাই আমাদেরকে ব্যক্তি এবং মাদক ব্যবহার রোগে ভুগতে থাকা মানুষের পরিবারকে সার্বিক সমর্থন প্রদান করার জন্য আরো কাজ করতে হবে। আমি আসক্তি দ্বারা প্রভাবিত পরিবারকে সমর্থনের প্রচেষ্টায় নেতৃত্ব দিতে পেরে গর্বিত এবং এই তহবিল যাতে স্টেটব্যাপী নতুন চিকিৎসা কর্মসূচি শুরু করে তা দেখার জন্য উৎসাহী। আমি আসক্তির সাথে

লড়াই করতে থাকা ব্যক্তিদের পুনরায় পায়ে দাঁড়ানোর প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে কাজ চালিয়ে যাবো।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "যখন আমাদের দেশের আসক্তির সঙ্কট ভয়ঙ্কর নতুন উচ্চতায় পৌঁছে যাচ্ছে, তখন চিকিৎসার সুযোগ জোরদার ও সম্প্রসারণ করা অন্য যেকোনও সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। আমি ফেডারেল মাদক অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা ব্লক অনুদান সম্পূরকের মাধ্যমে এই ফেডারেল অর্থায়ন নিশ্চিত করতে কঠিন লড়াই করেছি, এবং মুখ্য মেইনস্ট্রিমিং অ্যাডিকশন ট্রিটমেন্ট অ্যাক্টের (Mainstreaming Addiction Treatment Act) মতো মুখ্য বিধিমালার সাথে সেই লড়াই চালিয়ে যাচ্ছি। যাদের দৃঢ় নেতৃত্ব আমাদের নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহের জন্য এই জীবনরক্ষাকারী সমর্থন প্রদানে সাহায্য করেছে আমি তাদের সকলের প্রতি কৃতজ্ঞ।"

প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন, "মাদক ব্যবহার রোগ লং আইল্যান্ডের বহু মানুষকে প্রভাবিত করেছে, আমাদের অনেককেই দীর্ঘদিন রোগীটির সাথে লড়াই করার পর আফিম ওভারডোজের কাছে কোনও বন্ধু বা পরিবারের সদস্যকে হারাতে হয়েছে। এই তহবিলটি লং আইল্যান্ডের দুইটি নতুন ফ্যাসিলিটিতে নতুন আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচি তৈরি করবে যাতে আমাদের সম্প্রদায়ের প্রয়োজনীয় সমর্থন ও সেবা প্রদান করতে পারে। আমি কংগ্রেসে এই গুরুত্বপূর্ণ তহবিলের জন্য লড়াই করে যাবো এবং আমি যেখানে এই সংস্থান সবথেকে ভালো কাজ করবে সেখানে তা বরাদ্দ দেওয়ার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

সিনেটর পিটার হারখ্যাম বলেন, "পুনরুদ্ধারের জন্য সমন্বিত ও সামগ্রিক পন্থা প্রদান করার জন্য মাদক ব্যবহার চিকিৎসা সেবাদানকারীদের দ্বারা চালিত নতুন ও আকর্ষণীয় আউটপেশেন্ট কর্মসূচিগুলির অর্থায়নের ঘোষণা স্টেটব্যাপী জীবন রক্ষা করবে। যোগ হওয়া সংস্থানের ফলে আমাদের সম্প্রদায়ে চিকিৎসা পাওয়ার কিছু প্রতিবন্ধকতা দূর করা হবে, এবং আমি আফিম ওভারডোজ সঙ্কটের সাথে লড়াইয়ে গভর্নর হোকলের স্থায়ী প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক বলেন, "ফেডারেল প্রশাসন স্টেটগুলিকে মাদক ব্যবহার রোগের চিকিৎসার ফ্যাসিলিটিতে উল্লেখযোগ্য পরিমাণ বেশি তহবিল প্রদান করে আফিম মহামারীর সাথে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ। চিকিৎসা সেবা সম্প্রসারণে ফেডারেল ব্লক অনুদান তহবিলটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে কর্মসূচিতে অংশগ্রহণকারীদের এমনভাবে সমর্থন করা হয় যাতে তাদের সারাজীবনের মতো সেরে উঠার সুযোগ বৃদ্ধি পায়। আমি খুশি যে অর্থায়নের এই রাউন্ডে ক্যাপিটাল ডিসট্রিক্টকে অন্তর্ভুক্ত করা হয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, স্টেট প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

ক্রাইসিস/ডিটক্স, ইনপেশেন্ট, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা সহ আসক্তি সংক্রান্ত উপলভ্য চিকিৎসা NYS OASAS চিকিৎসার উপলভ্যতার ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেওয়া যাবে FindAddictionTreatment.ny.gov অথবা NYS OASAS ওয়েবসাইটে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোন করে অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করে CHAMP হটলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418